

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৫৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৩]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (کتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ১০. মসজিদে প্রবেশের সময় কি বলবে

باب مَا يَقُولُ إِذَا دَخَلَ الْمَسْجِدَ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ بِلاَل، عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ سَعِيد، عَنْ أَبِي حُمَيْد، _ أَوْ عَنْ أَبِي أُسَيْد، _ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى عَبْدِ الْمَلِكِ بْنِ سَعِيد، عَنْ أَبِي حُمَيْد، _ أَوْ عَنْ أَبِي أُسيَد، _ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَقُلِ اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ . وَإِذَا خَرَجَ فَلْيَقُلِ اللَّهُمَّ إِنِي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ " . قَالَ مُسْلِمٌ سَمِعْتُ يَحْيَى بْنَ يَحْيَى يَقُولُ خَرَجَ فَلْيَقُلِ اللَّهُمَّ إِنِي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ " . قَالَ مُسْلِمٌ سَمِعْتُ يَحْيَى الْحِمَّانِيَّ يَقُولُ كَتَبْتُ هَذَا الْحَدِيثَ مِنْ كِتَابِ سُلَيْمَانَ بْنِ بِلاَلٍ . قَالَ بَلَغَنِي أَنَّ يَحْيَى الْحِمَّانِيَّ يَقُولُ وَأَبِي أُسيْد .

বাংলা

১৫৩৭-(৬৮/৭১৩) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আবূ উসায়দ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে তখন বলবে, "আল্ল-হুম্মাফ তাহলী আবওয়া-বা রহমতিক" (অর্থাৎ- হে আল্লাহ! তুমি তোমার অনুগ্রহের দরজা আমার জন্য খুলে দাও।)। যখন বের হয়ে যাব, তখন বলবে- "আল্ল-হুম্মা ইন্নী আসআলুকা মিন ফা্যলিক" (অর্থাৎ- আমি আপনার কাছে আপনার অনুগ্রহপ্রার্থ)।

ইমাম মুসলিম বলেছেনঃ আমি ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) কে বলতে শুনেছি, তিনি বলেছেন- আমি সুলায়মান ইবনু হিলালের একটি গ্রন্থ থেকে এ হাদীসটি লিপিবদ্ধ করেছি। তিনি আরো বলেছেন যে, ইয়াহইয়া আল হিমানী আবু উসায়দ থেকে বর্ণনা করেছেন। (ইসলামী ফাউন্ডেশন ১৫২২, ইসলামীক সেন্টার ১৫২৯)

English

Abu Usaid reported that the Messenger of Allah (ﷺ) said:

When any one of you enters the mosque, he should say: "O Allah! open for me the doors of Thy mercy"; and when he steps out he should say: 'O Allah!



I beg of Thee Thy Grace." (Imam Muslim said: I heard Yahya saying: I transcribed this hadith from the compilation of Sulaiman b. Bilal.)

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। মাসজিদে প্রবেশ করার সময় এবং মাসজিদ থেকে বের হওয়ার সময়ের একাধিক দোয়া হাদীসের মধ্যে পাওয়া যায়। তবে মাসজিদে প্রবেশ করার সময় এবং মাসজিদ থেকে বের হওয়ার সময় মুসলিম ব্যক্তির এটা উচিত যে, সে আল্লাহর নাবী [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর প্রতি দর্মদ ও সালাম পাঠ করবে, অতঃপর মাসজিদে প্রবেশ করার সময় বলবে:

"أَللَّهُمَّ افْتَحْ لِيْ أَبْوَابَ رَحْمَتِكَ".

অর্থ: "হে আল্লাহ! আপনি আমার জন্য আপনার কৃপার দরজাগুলি উম্মুক্ত করে দাও"। এবং মাসজিদ থেকে বের হওয়ার সময় বলবে:

"أَللَّهُمَّ إِنِّي أُسْأَلُكَ مِنْ فَضْلِك".

অর্থ: "হে আল্লাহ! আমি আপনার অনুগ্রহ প্রার্থনা করছি"।

[দেখতে পারা যায়: সুনান আবু দাউদ, হাদীস নং ৮৬৫, জামে তিরমিয়ী, হাদীস নং ৩১৪ এবং সুনান ইবনু মাজাহ, হাদীস নং ৭৭৩, ইমাম তিরমিয়ী হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসেরুদ্দিন আল্ আলবাণী হাদীসটিকে সহীহ (সঠিক) বলেছেন]।

২। মাসজিদে প্রবেশ করার সময় যে দোয়াটি পাঠ করা হয়, সেই দোয়াটিতে মহান আল্লাহর কাছে তাঁর কৃপা প্রার্থনা করা হয়েছে। এবং মাসজিদ থেকে বের হওয়ার সময় যে দোয়াটি পাঠ করা হয়, সেই দোয়াটিতে মহান আল্লাহর কাছে তাঁর অনুগ্রহ প্রার্থনা করা হয়েছে। এর মধ্যে গুপ্ত তাৎপর্য বা রহস্য এটা থাকতে পারে যে, যে ব্যক্তি মাসজিদে প্রবেশ করে, সে এমন কাজে রত হয় যে, সেই কাজটির মাধ্যমে মহান আল্লাহর সম্ভুষ্টি ও নৈকট্য এবং জান্নাত লাভ করা যায়। সুতরাং এই কাজের জন্য মহান আল্লাহর কাছে তাঁর কৃপা প্রার্থনা করার বিষয়টি বেশি প্রযোজ্য। তাই তাঁর কাছে তাঁর কৃপা প্রার্থনা করা হয়। এবং যে ব্যক্তি মাসজিদ থেকে বের হয়, সে ব্যক্তি বৈধ পন্থায় রুজিরোজগারের কাজে রত হয়, তাই সেই কাজটির জন্য মহান আল্লাহর কাছে তাঁর অনুগ্রহ প্রার্থনা করার বিষয়টি বেশি প্রযোজ্য হয়। তাই এই কাজটির জন্য মহান আল্লাহর কাছে তাঁর অনুগ্রহ প্রার্থনা করা হয়। এই রহস্যের বিষয়ে মহান আল্লাহই অধিক জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন